(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.nctb.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.৬

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
১৬ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের সংশোধিত সময়সূচি (রুটিন) প্রেরণ।

সূত্র: এনসিটিবির পত্র নং 37.06.0000.402.71.068.02.4 তাং 07.05.2024

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের মাধ্যমে ২০২৪ শিক্ষাবর্ষের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য সময়সূচি (রুটিন) ইতোপূর্বে প্রেরণ করা হয়েছিল। প্রেরিত ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের সময়সূচির সাথে ২০২৪ সালের এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষার কয়েকটি বিষয়ের পরীক্ষার তারিখ ও সময় মিলে যাওয়ায় সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রেরিত ২০২৪ শিক্ষাবর্ষের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রমের সময়সূচি সংশোধন করা হলো। ২০২৪ সালের এইচএসসি, আলিম ও সমমান পরীক্ষার সময়সূচি বিবেচনায় নিয়ে ২০২৪ শিক্ষাবর্ষের ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য সংশোধিত সময়সূচি (রুটিন) প্রস্তুত করা হলো। প্রস্তাবিত সময়সূচি (রুটিন) আপনার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে জরুরীভিত্তিতে অবহিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার জন্য বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশনা যথা সময়ে আপনার অধিদপ্তর বরাবর পরবর্তী কার্যার্থে প্রেরণ করা হবে।

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ থেকে নবম শ্রেণির বিষয়ভিত্তিক ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনার সংশোধিত সময়সূচি (রুটিন)

| তারিখ | বিষয় ও শ্রেণি | | | |
|---|---|---|---|---|
| | ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি | অষ্টম শ্রেণি | নবম শ্রেণি |
| ০৩.০৭.২০২৪ | বাংলা | ধর্ম | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান |
| ০৬.০৭.২০২৪ | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি | স্বাস্থ্য সুরক্ষা | ডিজিটাল প্রযুক্তি |
| ১০.০৭.২০২৪ | গণিত | বাংলা | ধর্ম | জীবন ও জীবিকা |
| ১৩.০৭.২০২৪ | বিজ্ঞান | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি | স্বাস্থ্য সুরক্ষা |
| ১৫.০৭.২০২৪ | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত | বাংলা | ধর্ম |
| ২০.০৭.২০২৪ | ডিজিটাল প্রযুক্তি | বিজ্ঞান | ইংরেজি | শিল্প ও সংস্কৃতি |
| ২২.০৭.২০২৪ | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত | বাংলা |
| ২৪.০৭.২০২৪ | স্বাস্থ্য সুরক্ষা | ডিজিটাল প্রযুক্তি | বিজ্ঞান | ইংরেজি |
| ২৭.০৭.২০২৪ | ধর্ম | জীবন ও জীবিকা | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | গণিত |
| ৩০.০৭.২০২৪ | শিল্প ও সংস্কৃতি | স্বাস্থ্য সুরক্ষা | ডিজিটাল প্রযুক্তি | বিজ্ঞান |

২৩-০৫-২০২৪
মোসাঃ নাজমা আখতার
সচিব

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

## ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন'২০২৪ এর জন্য

## নির্ধারিত শিখন অভিজ্ঞতা সংক্রান্ত নির্দেশনা

সুপ্রিয় শিক্ষকবৃন্দ,

ষষ্ঠ থেকে নবম শ্রেণির শিক্ষার্থীদের ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়ন আগামী জুলাই মাসে শুরু হতে যাচ্ছে। দৈবচয়নের ভিত্তিতে সারা দেশের নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিভিন্ন বিষয়ে শ্রেণি কার্যক্রম সম্পন্ন করার তথ্য সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত তথ্যের আলোকে অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান যে পর্যন্ত শিখন কার্যক্রম সম্পন্ন করেছে সেই পর্যন্ত অভিজ্ঞতাগুলোকে বিবেচনা করে ষান্মাসিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হবে।
ষান্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য ষষ্ঠ থেকে নবম শ্রেণির সকল বিষয়ের নির্ধারিত অংশ:

| | বিষয় | ষষ্ঠ | সপ্তম | অষ্টম | নবম |
|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬১ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭১ পৃষ্ঠা পর্যন্ত পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১০২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৯৯ পৃষ্ঠা পর্যন্ত |
| ০২ | ইংরেজি | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে পৃষ্ঠা ৬৬ পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৭ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৩ | গণিত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১৩৭ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১২৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১২৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ১১২ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৪ | বিজ্ঞান | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৫ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৩৬ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৫ | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৩ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৬ | ডিজিটাল প্রযুক্তি | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৫ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭০ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৭ | জীবন ও জীবিকা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৯০ পৃষ্ঠা পর্যন্ত |

সচিব, এনসিটিবি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৮ | স্বাস্থ্য সুরক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭১ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৮ পৃষ্ঠা পর্যন্ত |
| ০৯ | শিল্প ও সংস্কৃতি | পাঠ্যপুস্তকের শুরু থেকে ২৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৪ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪২ পৃষ্ঠা পর্যন্ত |
| ১০ | ইসলাম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫০ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৭৫ পৃষ্ঠা পর্যন্ত |
| ১১ | হিন্দুধর্ম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৪ পৃষ্ঠা পর্যন্ত |
| ১২ | খ্রীষ্টধর্ম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৬২ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪১ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৩৮ পৃষ্ঠা পর্যন্ত |
| ১৩ | বৌদ্ধধর্ম শিক্ষা | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৩ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৩৮ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৪৯ পৃষ্ঠা পর্যন্ত | পাঠ্যপুস্তকের শুরু থেকে ৫৬ পৃষ্ঠা পর্যন্ত |

আগামী ১২, জুন ২০২৪ পর্যন্ত শ্রেণি কার্যক্রম চলাকালীন এই অভিজ্ঞতাগুলো শেষ করবেন বলে আশা করা হচ্ছে। যেহেতু ১২ই জুনের পরে ছুটির কারণে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকবে, বন্ধের আগে যদি ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের জন্য নির্ধারিত কোনো অভিজ্ঞতা সম্পন্ন করা সম্ভব না হয় সেক্ষেত্রে বিকল্প উপায় অবলম্বন করুন।

**বিকল্প উপায়ে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের সময়ে অভিজ্ঞতা সম্পন্ন করার দিকনির্দেশনা**

- বন্ধের পূর্বেই শিক্ষার্থীকে বন্ধে করনীয় অভিজ্ঞতাটির ধাপগুলো কী কী তা সহজ ভাষায় বুঝিয়ে দিন।
- শিক্ষার্থীর বিকল্প কোন কোন কাজ পর্যবেক্ষণ করে তার পারদর্শিতা যাচাই করবেন তা জানিয়ে দিন।
- কোথাও দলগত কাজ, পর্যবেক্ষণ, তথ্য সংগ্রহ ইত্যাদি কাজ থাকলে তা বিকল্প উপায়ে (উদাহরণস্বরূপ, দলগত কাজের বদলে একক কাজ, পরিবারের সদস্যদের থেকে তথ্য সংগ্রহ, পর্যবেক্ষণের কাজটি বাড়ির আশেপাশের পরিবেশ থেকে বা ভিডিও দেখে বা ডকুমেন্ট পড়ে সম্পন্ন করা যেতে পারে) কাজটি সম্পন্ন করার কৌশল বলে দিন।
- কাজ শেষে সক্রিয় পরীক্ষণের বদলে শিক্ষার্থী কী এ্যাসাইনমেন্ট জমা দিবে তার ধারণা এবং জমা দেবার সময় নির্ধারণ করে দিন।
- প্রয়োজনে অনলাইন ক্লাস করে, অভিভাবকদের সামাজিক যোগাযোগমাধ্যম গ্রুপে, মোবাইল গ্রুপে নির্দেশনা প্রদান করে শিক্ষার্থীদের বাড়িতে বসে কাজ পর্যবেক্ষণ করুন এবং ফিডব্যাক প্রদান করুন।

সচিব, এনসিটিবি